

জেডটিই প্রকাশ করল ৫-জি ম্যাসেজিং শ্বেতপত্র

কমপিউটার জগৎ রিপোর্ট

বিশ্বের অন্যতম বৃহৎ মোবাইল ইন্টারনেটের বাণিজ্যিক ও গ্রাহকভিত্তিক প্রযুক্তিনির্ভর টেলিযোগাযোগ সেবাদানকারী জেডটিই করপোরেশন সম্প্রতি প্রকাশ করেছে তাদের ৫-জি ম্যাসেজিংয়ের শ্বেতপত্র, যা বিস্তারিতভাবে জেডটিইর ৫-জি ম্যাসেজিং সলিউশনের ব্যাখ্যা দেয়। এই শ্বেতপত্রের উদ্দেশ্য হলো একটি ৫-জি কিলার সার্ভিস নির্মাণের মাধ্যমে জনগণ এবং অন্যান্য শিল্পক্ষেত্রে আরো উন্নত সেবা দেয়া।

ম্যাসেজিং সেবাটি হলো অপারেশনের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ের সেবা। জেডটিই তার ৫-জি নেটওয়ার্ক প্রযুক্তির উৎকর্ষে ৫-জি ম্যাসেজিং সলিউশনের নেতৃত্ব নিয়েছে। নতুন প্রযুক্তির বিকাশ, মান উন্নয়ন ও ৫-জি নেটওয়ার্কের টার্মিনাল উন্নয়নের মাধ্যমে ৫-জি ম্যাসেজিংকে তিনটি ক্যাটাগরির ম্যাসেজিং সেবায় ভাগ করা হয়েছে।

৫-জি ক্ষুদ্র ম্যাসেজিং সেবা (এসএমএস) : থ্রি-জি পিপি টেকনিক্যাল স্ট্যান্ডার্ড এবং টার্মিনালের ক্ষমতানুসারে ৫-জি নেটওয়ার্ক এসএমএসের পাশাপাশি এএনএসকেও (নন-অ্যাক্সেস স্ট্রিম) সমর্থন করে। যেটি মূলত ৫-জি এনআর অ্যাক্সেস অনুসারে এসএমএসের একটি ফাংশন। ৫-জি এসএমএস ব্যবস্থায় এখনো প্রাথমিক এসএমএস সেবা উপভোগ করা যায় আর সাথে থাকছে সেই চিরাচরিত এসএমএসের ফাংশন ও অভিজ্ঞতা।

৫-জি উন্নত মিডিয়া ম্যাসেজিং : দীর্ঘদিন ধরেই প্রচলিত টেক্সট ম্যাসেজিংয়ের ফাংশন এবং অভিজ্ঞতা ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা



পূরণ করতে পারছিল না। আর সেই সাথে শিল্পপ্রধান অ্যাপ্লিকেশন উন্নয়নে বাধা সৃষ্টি করছিল। ৫-জি যুগে প্রচলিত টেক্সট ম্যাসেজিং জিএসএম ইউপি ২.৪-এ উন্নীত হয়েছে যার সাথে থাকছে উন্নত ৫-জি মিডিয়া ম্যাসেজিং এবং বাণিজ্যিক ম্যাসেজিং সেবা। এর ফলে সম্পূর্ণভাবে সেবা ও ফাংশন, বৈশিষ্ট্য অভিজ্ঞতা ও সেবার মানের উন্নয়ন ঘটেছে।

৫-জি ইন্টারনেট অব থিং (আইওটি) ম্যাসেজিং : ৫-জি আইওটি ম্যাসেজিংয়ের মান ও প্রযুক্তিগত বৈশিষ্ট্য হলো ব্যাপকভাবে যোগাযোগ, স্বল্প ব্যান্ডউইথের ব্যবহার এবং লাইটওয়েট। ৫-জি আইওটি ম্যাসেজিং বাণিজ্যিক অ্যাপ্লিকেশনের মাধ্যমে বস্তুর সাথে মানুষের ও অ্যাপ্লিকেশনের বাণিজ্যিক সংযোগ স্থাপনে সক্ষম হয়েছে।

জেডটিই বৈশ্বিক ৫-জি ম্যাসেজিং প্ল্যাটফরমে অন্যতম সরঞ্জাম বিক্রেতা। নেটওয়ার্ক নির্মাণের দীর্ঘ অভিজ্ঞতার পাশাপাশি জেডটিইর বিশ্বের সবচেয়ে বড় ম্যাসেজিং প্ল্যাটফরমে দুর্দান্ত বাণিজ্যিক অপারেশন পরিচালনার অভিজ্ঞতাও রয়েছে। যেখানে একক ল্যানের মাধ্যমে ১০০ মিলিয়ন ব্যবহারকারীকে সেবা ও বিশাল টার্মিনালকে খুব সূক্ষ্মভাবে অভিযোজিত করা হয়। এছাড়া জেডটিই গত ৩ এপ্রিল ২০২০, হাংজু, চীনে তাদের প্ল্যাটফরম থেকে বিশ্বের প্রথম ৫-জি ম্যাসেজ প্রদান করে। ভবিষ্যতে জেডটিই টেলিযোগাযোগ খাতের সমৃদ্ধির জন্য অপারেটরদের টেলিযোগাযোগ ইকোসিস্টেম ২.০তে নিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।

শ্বেতপত্রটি ডাউনলোড করতে নিচের লিংকটিতে ক্লিক করুন :

https://res-www.zte.com.cn/mediares/zte/Files/PDF/white_book/202102251538.pdf

